

# সমকাল

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীকে রাতভর নির্যাতন, ভেঙে দিয়েছে হাত

প্রকাশ: ১৫ অক্টোবর ২৩। ২৩:২২ | আপডেট: ১৫ অক্টোবর ২৩। ২৩:২২

বরিশাল ব্যুরো



হাসপাতালে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মুকুল আহমেদ। ছবি: সমকাল

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হলে মুকুল আহমেদ নামের এক শিক্ষার্থীকে নির্যাতন করে হাত ভেঙে দেওয়া অভিযোগ উঠেছে। মুকুল জানিয়েছেন, বৃহস্পতিবার রাতে একটি কক্ষের মধ্যে আটকে রেখে তাকে অমানুষিক নির্যাতন করা হয়। এতে তার ডান হাত ভেঙে গেছে। এ ঘটনার বিচার ও চিকিৎসায় আর্থিক সহায়তা চেয়ে তিনি রোববার দুপুরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ করেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রোববার সন্ধ্যায় তদন্ত কমিটি গঠন করে ৭ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলেছে। মুকুল আহমেদ বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ১০ ব্যাচের শিক্ষার্থী। তিনি বঙ্গবন্ধু হলের ৫০২০ নম্বর কক্ষে থাকেন।

লিখিত অভিযোগে মুকুল জানান, বৃহস্পতিবার রাতে ৮ম ব্যাচের ছাত্র তানজিদ মঞ্জু তার মোবাইল ফোনে কল দেয়। তিনি সারা দেননি। পরে তার কক্ষে এসে তাকে ধরে ৪০১৯ নম্বর কক্ষে নিয়ে যায়। সেখানে তাকে অমানুষিক নির্যাতন করেন মঞ্জু ও শিহাবউদ্দিন। তারা ক্যাম্পাসে কমিটিহীন ছাত্রলীগের কর্মী হিসেবে পরিচিত। রাত ৩টার দিকে আরেক ছাত্র আহাদ খান রাফি তাকে উদ্ধার করে। শুক্রবার ভোরে পালিয়ে বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হয়েছেন মুকুল।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. খোরশেদ আলম জানান, মুকুলের লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে উপাচার্য প্রফেসর ড. ছাদেকুল আরেফিনের নির্দেশে ৩ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রধান হলেন রসায়ন বিভাগের প্রধান ড. নাজমুল কায়েস এবং দুই সদস্য হলেন পদার্থবিজ্ঞান বিভাগের ড. মো. মাহফুজ আলম ও অর্থনীতি বিভাগের রিফাত ফেরদৌস।

বঙ্গবন্ধু হলের প্রভোস্ট আরিফ হোসেন জানান, মুকুলকে নির্যাতনের ঘটনায় ৪০১৯ নম্বর কক্ষটি সিলগালা করে দেওয়া হয়েছে।

---

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : আলমগীর হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com